রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, জুলাই ২৭, ২০২৬**

**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**সিটি কর্পোরেশন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪৩৩/২১ জুলাই ২০২৬

নং **৪৬.০০.০০০০.০৭০.২২.২৬৫.১২(অংশ-১)-৬৭২**—ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১৫ নং ওয়ার্ডটি ২টি ওয়ার্ডে বিভক্ত করার আবেদন পাওয়া গিয়েছে। বর্তমানে ১৫ নং ওয়ার্ডটি ১৫ নং ও ৫৫ নং ওয়ার্ড হিসেবে যে সমস্ত এলাকা নিয়ে গঠনের প্রস্তাব পাওয়া গিয়েছে তা নিম্নরূপঃ

(ক) ১৫ নং ওয়ার্ডঃ মাটিকাটা, মানিকদী, বালুঘাট, বারনটেক, আজিজ মার্কেট, বাইগারটেক ও আলন্দীরটেক। ভোটার সংখ্যা ৫০ হাজারের বেশি এবং

(খ) ৫৫ নং ওয়ার্ডঃ লালাসরাই, ধামালকোট, ভাষানটেক, দেওয়ান বাড়ী ও ভাষানটেক বস্তি এলাকা। ভোটার সংখ্যা ৫০ হাজারের বেশি।

আগামী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ২৯ ধারা মোতাবেক বর্তমান ১৫ নং ওয়ার্ডকে উপর্যুক্ত বিভাজন মোতাবেক ১৫ নং ওয়ার্ড ও ৫৫ নং ওয়ার্ড ভিত্তিক পুনর্বিন্যাস করে ওয়ার্ড ভিত্তিক সীমানা নির্ধারণের জন্য একই আইনের ২৮ ধারার বিধানমতে প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে সীমানা নির্ধারণ কর্মকর্তা এবং নিম্নোক্ত কর্মকর্তাগণকে সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হলোঃ


**মূল্য :** টাকা ৪.০০

(১) প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের-সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা

(২) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন-সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা

(৩) সহকারী কমিশনার (ভূমি), ক্যান্টনমেন্ট রাজস্ব সার্কেল, ঢাকা-সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল।

**মোঃ রবিউল ইসলাম**
যুগ্মসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd